

## অনুমোদন পেল আরও একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক ●

চিটাগাং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি নামে নতুন আরও একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছে সরকার। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে গতকাল বুধবার আদেশ জারি করা হয়েছে। শিক্ষাসচিব কামাল আবদুল নাসের চৌধুরী প্রথম অঙ্গেকে বিষয়টি নিশ্চিত করেছেন।

এ নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল ৭১টি। এর মধ্যে বর্তমান সরকারের আমলে অনুমোদন পেল ১৭টি।

নতুন এ বিশ্ববিদ্যালয়ের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে আছেন সাবেক সচিব এস এস আল সোদায়মানী। তবে এর শসে ঢাকায় অবস্থিত ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের যোগসূত্র আছে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা। কারণ এ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের কয়েকজন সদস্যও নতুন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি হিসেবে আছেন। সুতরামে বিশ্ববিদ্যালয়টি অনুমোদন পাওয়ার ক্ষেত্রে চূড়ান্তে যদি সরকারের এমন একজন মন্ত্রী ভূমিকা রেখেছেন।

বিদ্যালয় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর অধিকাংশের বিরুদ্ধে বহুবিধ অভিযোগ থাকার পরও সরকার নতুন বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিচ্ছে। বেশির ভাগ ক্ষেত্রেই যাদের উদ্বিগ্নের ক্ষমতা বেশি তাদেরই বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হচ্ছে। এ ক্ষেত্রে এলাকাজুড়ে বৈষম্যেরও অভিযোগ আছে। এ কারণে শিক্ষাবিদদের মধ্যে বিষয়টি নিয়ে নেতিবাচক প্রতিক্রিয়া আছে।

এর আগে তিন দফায় ১৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেয় এ সরকার। এগুলোর বেশির ভাগই দেওয়া হয় রাজনৈতিক বিবেচনায় দলীয় ব্যক্তি বা বর্তমান সরকার সমর্থক ব্যবসায়ীদের। এমনকি পরিদর্শন প্রতিবেদন ছাড়াই বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ার অভিযোগ রয়েছে। বিগত বিএনপি-জামায়াত ছোট সরকারের সময়ও দলীয় বিবেচনায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়।